



ডঃ আবদুল্লাহ আল-মুত্তী শরফুদ্দীন গত ২২শে ফেব্রুয়ারী প্যারিসে এক বিশেষ অনুষ্ঠানে ইউনেস্কোর মহাপরিচালক ডঃ আহমাদু-মাহ-তর এম-বাউ-এর নিকট থেকে ১৯৮০ সালের আন্তর্জাতিক কালস পুরস্কার গ্রহণ করেন।

0 011

ডঃ শরফুদ্দীনের কালস পুরস্কার

গ্রহণ

বাংলাদেশের পদার্থ-বিজ্ঞানী ডঃ আবদুল্লাহ আল-মুত্তী শরফুদ্দীন ও ব্রাজিলের প্রজনন বিজ্ঞান বিশেষজ্ঞ প্রফেসর ওসওয়াল্ডো ফ্রেটা-পেনোয়াকে গত ২২শে ফেব্রুয়ারী প্যারিসে ইউনেস্কো সদর দফতরে এক অনুষ্ঠানে ইউনেস্কোর কালস পুরস্কার অনুষ্ঠানিকভাবে প্রদান করা হয়। গতকাল ঢাকায় প্রাপ্ত এক বাতাস এ খবর জনা যায়।

বাসসর খবরে বলা হয়, বিজ্ঞান বিষয়ক প্রখ্যাত লেখক এবং বিজ্ঞান ও প্রযুক্তি ডিভিশনের দায়িত্বে নিয়োজিত অতিরিক্ত সচিব ডঃ শরফুদ্দীন তাঁর লেখনীর মাধ্যমে বিজ্ঞানকে জনপ্রিয় করে তুলতে যে অনন্য অবদান রেখেছেন, তাইই স্বীকৃতিস্বরূপ তাঁকে ১৯৮০ সালের কালস পুরস্কার প্রদান করা হয়। এবং ১৯৮২ সালের পুরস্কার লাভ করেন ব্রাজিলের প্রফেসর ওসওয়াল্ডো।

বৃটিশ পুঁজিবিশেষজ্ঞ ডঃ রজার হেফহাট হেডকে ১৯৮০ সালের ইউনেস্কো বিজ্ঞান পুরস্কার প্রদান করা হয়। তাঁর রচনাবলী আফ্রিকার পল্লী এলাকায় শিশু মৃত্যু হ্রাসে বিশেষ সহায়ক হয়েছে।

ইউনেস্কোর ডিরেক্টর জেনারেল জনাব আমাদো মাহতার 'মমো' পুরস্কার বিজয়ীদের স্ব স্ব পুরস্কার অর্পণ করেন।

বাংলাদেশের বিজ্ঞানীদের মধ্যে ডঃ শরফুদ্দীনই প্রথম কালস পুরস্কার লাভ করলেন। অপর দিকে প্রফেসর ওসওয়াল্ডো ব্রাজিলের শ্বিতীয় বিজ্ঞানী, এ পুরস্কার লাভ করলেন।

ভারতের কাল-কন্ট্রোলেশন ট্রাস্ট তহাবল থেকে প্রাপ্ত বছর এক হাজার পাঁচশত স্ট্যালিং মূল্যের এ কালস পুরস্কার প্রদান করা হয়। ১৯৫১ সালে এ ট্রাস্ট গঠনের পর থেকে বিশ্বের ১২টি দেশের ৫৩ জন বিজ্ঞানী এ পুরস্কার লাভ করেছেন। যুক্তরাজ্যের ৯ জন, যুক্তরাষ্ট্রের ৮ জন, ফ্রান্সের ৪ জন, ভোনজারেল, ব্রাজিল ও পশ্চিম জার্মানীর দু'জন করে এবং আস্ট্রিয়া, বাংলাদেশ, কানাডা, ভারত ও মেক্সিকো থেকে একজন করে বিজ্ঞানী এ পুরস্কার লাভ করেছেন। ইতিপূর্বে ষাণ্ম কালস পুরস্কার পেয়েছেন তাঁদের মধ্যে বেশ কয়েকজন নোবেল পুরস্কার বিজয়ী ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানীও রয়েছেন।

১৫ হাজার ডলারের ইউনেস্কো বিজ্ঞান পুরস্কার প্রতি দু'বছরে সংস্থার সাধারণ সম্মেলনকালে